ছোটদের সাধারণ জ্ঞানের **PDF** বই

**Visit: [sohagschool.com](https://sohagschool.com)**



# ছোটদের সাধারণ জ্ঞান

চতুর্থ ভাগ

দ্বিতীয় শ্রেণির জন্য



পাঞ্জেরী পাবলিকেশন্স লি.

SPECIMEN

**নতুন সংস্করণ**

প্রকাশক
পাঞ্জেরী পাবলিকেশন্স লি.
www.panjeree.com

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

পরিবেশক
পাঞ্জেরী পাবলিকেশন্স লি.
৩৮/২-ক, মান্নান মার্কেট এবং
৩৮/৮, বাংলাবাজার
ঢাকা ১১০০

গবেষণা ও উন্নয়ন
প্রাক-প্রাথমিক দপ্তর

অলংকরণ
মুদ্রণশৈলী উপবিভাগ

পণ্য ব্যবস্থাপনা ও সমন্বয়
লিটু খান

বর্ণবিন্যাস
পাঞ্জেরী কম্পিউটার সিস্টেমস

মুদ্রণ ও বাঁধাই
বারতোপা প্রিন্টার্স লি.

মূল্য: ১৭০ টাকা
[বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি কর্তৃক গৃহীত]

ISBN: 978-984-954-285-8

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| বাংলাদেশের জাতীয় সংগীত ও জাতীয় পতাকা | ৩ |
| বাংলাদেশের রণসংগীত | ৪ |
| বাংলাদেশের জাতীয় বিষয়সমূহ | ৫ |
| বাংলাদেশের জাতীয় দিবসসমূহ | ৬ |
| ভাষা আন্দোলনের কথা | ৭ |
| বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার কথা | ৮ |
| বাংলাদেশের মুক্তিযুদ্ধের পদকসমূহ | ৯ |
| বাংলাদেশের কথা | ১০ |
| বাংলাদেশে বিভিন্ন জায়গার অবস্থান | ১২ |
| বাংলাদেশের পাহাড়, নদী ও সমুদ্র | ১৩ |
| বাংলাদেশের বিভাগ ও জেলা পরিচিতি | ১৬ |
| বাংলাদেশের বিখ্যাত স্থানসমূহ | ১৭ |
| বাংলাদেশে সবচেয়ে বড় | ১৮ |
| বাংলাদেশের প্রথম | ২০ |
| বাংলাদেশের দীর্ঘতম, উচ্চতম, বৃহত্তম ও ক্ষুদ্রতম | ২১ |
| বাংলাদেশের প্রধান প্রধান পদের পরিচয় | ২২ |
| বাংলাদেশের কয়েকজন বিশিষ্ট ব্যক্তিত্ব | ২৩ |
| বাংলাদেশের শিক্ষা | ২৫ |
| আদিবাসীদের কথা | ২৭ |
| গাছপালার কথা | ২৮ |
| প্রাণিজগতের কথা | ২৯ |
| মানবদেহের কথা | ৩১ |
| বিজ্ঞানের কথা | ৩২ |
| পৃথিবী ও সৌরজগৎ | ৩৩ |
| পৃথিবীর সপ্তাশ্চর্য | ৩৫ |
| স্বাস্থ্য ও রোগব্যাধি | ৩৭ |
| বিশ্বের বিভিন্ন স্থানের উপনাম | ৩৮ |
| পৃথিবীর দীর্ঘতম, উচ্চতম, বৃহত্তম ও ক্ষুদ্রতম | ৩৯ |
| দেশ, রাজধানী ও মুদ্রা | ৪১ |
| পৃথিবীর প্রধান প্রধান ধর্ম | ৪৩ |
| খেলাধুলা | ৪৬ |
| নমুনা প্রশ্ন | ৪৮ |


# বাংলাদেশের জাতীয় সংগীত ও জাতীয় পতাকা

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি॥

ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে—
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে, আমি কী দেখেছি মধুর হাসি॥

কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো—
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।

মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে—
মা, তোর বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়নজলে ভাসি॥



রবীন্দ্রনাথ ঠাকুর



১. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা ও সুরকার কে?
উত্তর : রবীন্দ্রনাথ ঠাকুর।

২. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় সংগীতে কতটি লাইন রয়েছে?
উত্তর : ১০টি (মোট ২৫ লাইনের মধ্যে প্রথম ১০ লাইন জাতীয় সংগীত হিসেবে গাওয়া হয়)।

৩. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পতাকার রং কী?
উত্তর : গাঢ় সবুজের মাঝখানে টকটকে লাল রঙের বৃত্ত।

৪. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পতাকার রং দুটি কী অর্থ বহন করে?
উত্তর : জাতীয় পতাকার মাঝে টকটকে লাল বৃত্তটি স্বাধীনতার নতুন সূর্যের প্রতীক আর গাঢ় সবুজ আয়তক্ষেত্রটি গ্রামবাংলার সবুজ প্রকৃতি ও তারুণ্যের প্রতীক।

৫. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?
উত্তর : ১০:৬ বা ৫:৩।

৬. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম কবে উত্তোলন করা হয়?
উত্তর : ১৯৭১ সালের ২রা মার্চ।

# বাংলাদেশের রণসংগীত



কাজী নজরুল ইসলাম

চল্ চল্ চল্!
ঊর্ধ্ব গগনে বাজে মাদল,
নিম্নে উতলা ধরণি-তল,
অরুণ প্রাতের তরুণ দল
চল্ রে চল্ রে চল্।
চল্ চল্ চল্ ॥

ঊষার দুয়ারে হানি' আঘাত
আমরা আনিব রাঙা প্রভাত,
আমরা টুটাব তিমির রাত,
বাধার বিন্ধ্যাচল।

নব নবীনের গাহিয়া গান,
সজীব করিব মহাশ্মশান,
আমরা দানিব নতুন প্রাণ,
বাহুতে নবীন বল।

চল্ রে নও-জোয়ান,
শোন্ রে পাতিয়া কান–
মৃত্যু-তোরণ-দুয়ারে-দুয়ারে
জীবনের আহ্বান।
ভাঙ্ রে ভাঙ্ আগল,
চল্ রে চল্ রে চল্
চল্ চল্ চল্ ॥

১. প্রশ্ন : বাংলাদেশের রণসংগীতের রচয়িতা কে?
উত্তর : কাজী নজরুল ইসলাম।

২. প্রশ্ন : কোনো রাষ্ট্রীয় অনুষ্ঠানে রণসংগীতের কত লাইন বাজানো হয়?
উত্তর : প্রথম ২১ লাইন।

# বাংলাদেশের জাতীয় বিষয়সমূহ



১. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় প্রতীক কী?
উত্তর : দুই পাশে ধানের শীষ বেষ্টিত পানিতে ভাসমান শাপলা এবং উপরে পাটগাছের পরস্পর সংযুক্ত তিনটি পাতা, যার উভয়পাশে দুটি করে তারকা রয়েছে।



২. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় ফুলের নাম কী?
উত্তর : শাপলা।



৩. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় ফলের নাম কী?
উত্তর : কাঁঠাল।



৪. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পাখির নাম কী?
উত্তর : দোয়েল।



৫. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পশুর নাম কী?
উত্তর : রয়েল বেঙ্গল টাইগার।




৬. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় মাছের নাম কী?
উত্তর : ইলিশ।



৭. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় গাছের নাম কী?
উত্তর : আমগাছ।



৮. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় বনের নাম কী?
উত্তর : সুন্দরবন।



৯. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় কবির নাম কী?
উত্তর : কাজী নজরুল ইসলাম।



১০. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় মসজিদের নাম কী?
উত্তর : বায়তুল মোকাররম মসজিদ।



১১. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় খেলার নাম কী?
উত্তর : কাবাডি।

১২. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় চিড়িয়াখানার নাম কী?
উত্তর : বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা।

SPECIMEN

# বাংলাদেশের জাতীয় দিবসসমূহ

১. প্রশ্ন : জাতীয় গ্রন্থ দিবস কবে?
উত্তর : ১লা জানুয়ারি।

২. প্রশ্ন : জাতীয় গ্রন্থাগার দিবস কবে?
উত্তর : ৫ই ফেব্রুয়ারি।

৩. প্রশ্ন : বাংলাদেশের শহিদ দিবস (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস) কবে?
উত্তর : ২১শে ফেব্রুয়ারি।




৪. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পতাকা দিবস কবে?
উত্তর : ২রা মার্চ।

৫. প্রশ্ন : বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস কবে?
উত্তর : ২৬শে মার্চ।

৬. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় গণহত্যা দিবস কবে?
উত্তর : ২৫শে মার্চ।


৭. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় শোক দিবস কবে?
উত্তর : ১৫ই আগস্ট।



৮. প্রশ্ন : মুজিবনগর দিবস কবে পালিত হয়?
উত্তর : ১৭ই এপ্রিল।

৯. প্রশ্ন : জাতীয় শিশু দিবস কবে?
উত্তর : ১৭ই মার্চ।

১০. প্রশ্ন : জাতীয় শিক্ষা দিবস কবে?
উত্তর : ১৭ই সেপ্টেম্বর।



১১. প্রশ্ন : বাংলাদেশের সশস্ত্র বাহিনী দিবস কবে?
উত্তর : ২১শে নভেম্বর।

১২. প্রশ্ন : বাংলাদেশের শহিদ বুদ্ধিজীবী দিবস কবে?
উত্তর : ১৪ই ডিসেম্বর।

১৩. প্রশ্ন : বাংলাদেশের বিজয় দিবস কবে?
উত্তর : ১৬ই ডিসেম্বর।

# ভাষা আন্দোলনের কথা

১. প্রশ্ন : আমাদের মাতৃভাষার নাম কী?
উত্তর : বাংলা।

২. প্রশ্ন : 'উর্দু এবং উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা'— এ কথা কে, কবে ঘোষণা করেছিলেন?
উত্তর : মোহাম্মদ আলী জিন্নাহ, ১৯৪৮ সালের ২১শে মার্চ।




৩. প্রশ্ন : ভাষা আন্দোলন কত সালে হয়েছিল?
উত্তর : ১৯৫২ সালে।

৪. প্রশ্ন : পাঁচজন ভাষা শহিদের নাম লেখো।
উত্তর : সালাম, রফিক, বরকত, জব্বার ও শফিউর।

৫. প্রশ্ন : ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে কবে প্রথম শহিদ মিনার নির্মাণ করা হয়?
উত্তর : ১৯৫২ সালের ২৩শে ফেব্রুয়ারি।

৬. প্রশ্ন : শহিদ মিনারের স্থপতি কে?
উত্তর : হামিদুর রহমান।

৭. প্রশ্ন : বাংলাদেশের কেন্দ্রীয় শহিদ মিনারটি কোথায় অবস্থিত?
উত্তর : ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পাশে।

৮. প্রশ্ন : ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে বিখ্যাত গান কোনটি?
উত্তর : আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি।

৯. প্রশ্ন : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির গীতিকার কে?
উত্তর : আবদুল গাফ্ফার চৌধুরী।


১০. প্রশ্ন : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির সুরকার কে?
উত্তর : আলতাফ মাহমুদ।

১১. প্রশ্ন : কত সালে বাংলা ভাষা পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি পায়?
উত্তর : ১৯৫৬ সালে।

১২. প্রশ্ন : ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে কোন প্রতিষ্ঠান?
উত্তর : ইউনেস্কো (১৯৯৯ সালের ১৭ই নভেম্বর)।

SPECIMEN

# বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার কথা



১. প্রশ্ন : বাংলাদেশের মুক্তিযুদ্ধ হয়েছিল কত সালে?
উত্তর : ১৯৭১ সালে।

২. প্রশ্ন : বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের মহান নায়ক কে?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

৩. প্রশ্ন : কবে ও কোথায় স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়?
উত্তর : ১৯৭১ সালের ৩রা মার্চ, পল্টন ময়দানে।

৪. প্রশ্ন : স্বাধীনতার ডাক দিয়ে বঙ্গবন্ধু কত তারিখে তাঁর ঐতিহাসিক ভাষণ দেন?
উত্তর : ১৯৭১ সালের ৭ই মার্চ।

৫. প্রশ্ন : মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ কবে ও কোথায় সংঘটিত হয়?
উত্তর : ১৯৭১ সালের ১৯শে মার্চ, গাজীপুরে।

৬. প্রশ্ন : মুক্তিযুদ্ধে প্রথম কারা সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন?
উত্তর : ইস্ট বেঙ্গল রেজিমেন্ট।

৭. প্রশ্ন : পাকিস্তান সরকার কত তারিখে বাংলাদেশে গণহত্যা শুরু করে?
উত্তর : ১৯৭১ সালের ২৫শে মার্চ।

৮. প্রশ্ন : কে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

৯. প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন?
উত্তর : ১৯৭১ সালের ২৬শে মার্চ (প্রথম প্রহরে)।

১০. প্রশ্ন : কত তারিখে মুজিবনগর সরকার (বাংলাদেশের অস্থায়ী সরকার) গঠিত হয়?
উত্তর : ১৯৭১ সালের ১০ই এপ্রিল।

১১. প্রশ্ন : মুজিবনগর সরকারের প্রধান কে ছিলেন?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

১২. প্রশ্ন : মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি কে ছিলেন?
উত্তর : সৈয়দ নজরুল ইসলাম।

১৩. প্রশ্ন : মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন?
উত্তর : মহম্মদ আতাউল গণি ওসমানী।

১৪. প্রশ্ন : বাংলাদেশের অস্থায়ী সরকারের রাজধানী কোথায় স্থাপিত হয়?
উত্তর : মুজিবনগরে।

১৫. প্রশ্ন : বাংলাদেশ কবে পাকিস্তানি হানাদারমুক্ত হয়?
উত্তর : ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর।

# বাংলাদেশের মুক্তিযুদ্ধের পদকসমূহ


SPECIMEN

১. প্রশ্ন : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বীরত্বসূচক রাষ্ট্রীয় খেতাব কয়টি ও কী কী?
উত্তর : ৪টি। এগুলো হলো— বীরশ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক।

২. প্রশ্ন : বাংলাদেশের মুক্তিযুদ্ধের খেতাবপ্রাপ্ত যোদ্ধার সংখ্যা কত?
উত্তর : ৬৭৬ জন।

৩. প্রশ্ন : স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য কত জনকে বাংলাদেশ সরকার বীরশ্রেষ্ঠ উপাধিতে ভূষিত করে?
উত্তর : ৭ জনকে।

৪. প্রশ্ন : বাংলাদেশের সাতজন বীরশ্রেষ্ঠর নাম কী?
উত্তর : বাংলাদেশের সাতজন বীরশ্রেষ্ঠর নাম হলো:
১. মোস্তফা কামাল,
২. মোহাম্মদ হামিদুর রহমান,
৩. নূর মোহাম্মদ শেখ,
৪. মুন্সি আব্দুর রউফ,
৫. মহিউদ্দিন জাহাঙ্গীর,
৬. মোহাম্মদ রুহুল আমিন ও
৭. মতিউর রহমান।


মোস্তফা কামাল


মোহাম্মদ হামিদুর রহমান


নূর মোহাম্মদ শেখ


মুন্সি আব্দুর রউফ


মহিউদ্দিন জাহাঙ্গীর


মোহাম্মদ রুহুল আমিন


মতিউর রহমান

৫. প্রশ্ন : স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বীর উত্তম উপাধি লাভ করেন কত জন?
উত্তর : ৬৮ জন।

৬. প্রশ্ন : স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বীর বিক্রম উপাধি লাভ করেন কত জন?
উত্তর : ১৭৫ জন।

৭. প্রশ্ন : স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বীর প্রতীক উপাধি লাভ করেন কত জন?
উত্তর : ৪২৬ জন।

৮. প্রশ্ন : বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধাদের নাম কী?
উত্তর : সিতারা বেগম ও তারামন বিবি।

# বাংলাদেশের কথা

১. প্রশ্ন : বাংলাদেশের সাংবিধানিক নাম কী?
উত্তর : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

২. প্রশ্ন : বাংলাদেশ কোন মহাদেশে অবস্থিত?
উত্তর : এশিয়া।

৩. প্রশ্ন : বাংলাদেশের সীমানার বর্ণনা দাও।
উত্তর : বাংলাদেশের উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয়; পূর্বে ভারতের আসাম, ত্রিপুরা, মিজোরাম এবং মিয়ানমার; দক্ষিণে বঙ্গোপসাগর; পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ ও কুচবিহার রাজ্য অবস্থিত।



৪. প্রশ্ন : বাংলাদেশের আয়তন কত?
উত্তর : ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার।

৫. প্রশ্ন : বাংলাদেশের রাজধানীর নাম কী?
উত্তর : ঢাকা।

৬. প্রশ্ন : ঢাকা কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর : বুড়িগঙ্গা।

৭. প্রশ্ন : বাংলাদেশের রাষ্ট্রভাষা কী?
উত্তর : বাংলা।

৮. প্রশ্ন : বাংলাদেশের লোকসংখ্যা কত?
উত্তর : ১৬ কোটি ৫১ লাখ ৫৮ হাজার ৬১৬ জন।*

৯. প্রশ্ন : বাংলাদেশে কোন ধরনের সরকার ব্যবস্থা চালু আছে?
উত্তর : সংসদীয় পদ্ধতির সরকার।

১০. প্রশ্ন : ভাষা ব্যবহারকারীর দিক থেকে বাংলা পৃথিবীর কততম রাষ্ট্রভাষা?
উত্তর : ষষ্ঠ।

১১. প্রশ্ন : বাংলাদেশের বেশিরভাগ মানুষ কী কাজ করেন?
উত্তর : কৃষিকাজ।

* জনশুমারি ও গৃহগণনা প্রাথমিক প্রতিবেদন ২০২২-এর তথ্য অনুযায়ী

১২. প্রশ্ন : বাংলাদেশের শতকরা কত জন মানুষ কৃষিকাজ করেন?
উত্তর : শতকরা ৪০.৬ জন।

১৩. প্রশ্ন : বাংলাদেশের শতকরা কত জন মানুষ মুসলমান?
উত্তর : শতকরা ৯১.০৪ জন মানুষ।*

১৪. প্রশ্ন : বাংলাদেশের সিটি কর্পোরেশনের সংখ্যা কয়টি?
উত্তর : ১২টি ।

১৫. প্রশ্ন : বাংলাদেশের উপজেলা কয়টি?
উত্তর : ৪৯৫টি।

১৬. প্রশ্ন : বাংলাদেশের জেলা কয়টি?
উত্তর : ৬৪টি।

১৭. প্রশ্ন : বাংলাদেশের বিভাগ কয়টি?
উত্তর : ৮টি।

১৮. প্রশ্ন : বাংলাদেশে কয়টি বিমানবন্দর রয়েছে?
উত্তর : ১৫টি।

১৯. প্রশ্ন : বাংলাদেশে কয়টি আন্তর্জাতিক বিমানবন্দর রয়েছে? সেগুলোর নাম কী কী?
উত্তর : ৩টি। এগুলো হলো–
১. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা,
২. শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম ও
৩. ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।



* জনশুমারি ও গৃহগণনা প্রাথমিক প্রতিবেদন ২০২২-এর তথ্য অনুযায়ী



SPECIMEN

# বাংলাদেশে বিভিন্ন জায়গার অবস্থান

১. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে উত্তরের জেলার নাম কী?
উত্তর : পঞ্চগড়।

২. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের জেলার নাম কী?
উত্তর : কক্সবাজার।

৩. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে পূর্বের জেলার নাম কী?
উত্তর : বান্দরবান।

৪. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে পশ্চিমের জেলার নাম কী?
উত্তর : চাঁপাইনবাবগঞ্জ।

৫. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে উত্তরের উপজেলার নাম কী?
উত্তর : তেঁতুলিয়া।

৬. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের উপজেলার নাম কী?
উত্তর : টেকনাফ।

৭. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে পূর্বের উপজেলার নাম কী?
উত্তর : থানচি।

৮. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে পশ্চিমের উপজেলার নাম কী?
উত্তর : শিবগঞ্জ।

৯. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে উত্তরের স্থানের নাম কী?
উত্তর : বাংলাবান্ধা।

১০. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে পূর্বের স্থানের নাম কী?
উত্তর : আখাইনঠং।

১১. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে পশ্চিমের স্থানের নাম কী?
উত্তর : মনাকশা।

১২. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের স্থানের নাম কী?
উত্তর : ছেঁড়াদ্বীপ।




SPECIMEN

# বাংলাদেশের পাহাড়, নদী ও সমুদ্র

১. প্রশ্ন : বাংলাদেশের পাহাড়সমূহের গড় উচ্চতা কত?
উত্তর : ২,০৫০ ফুট।

২. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় পাহাড়শ্রেণির নাম কী?
উত্তর : গারো পাহাড়।

৩. প্রশ্ন : গারো পাহাড় কোন জেলায় অবস্থিত?
উত্তর : ময়মনসিংহ।

৪. প্রশ্ন : বাংলাদেশের কোন পাহাড়ে ইউরেনিয়াম পাওয়া গেছে?
উত্তর : কুলাউড়া পাহাড়ে।

৫. প্রশ্ন : লালমাই পাহাড় কোন জেলায় অবস্থিত?
উত্তর : কুমিল্লা।

৬. প্রশ্ন : খাগড়াছড়ি জেলার সবচেয়ে উঁচু পাহাড় কোনটি?
উত্তর : আলুটিলা।

৭. প্রশ্ন : চিম্বুক পাহাড় কোন জেলায় অবস্থিত?
উত্তর : বান্দরবান জেলায়।

৮. প্রশ্ন : চন্দ্রনাথ পাহাড় কোন জেলায় অবস্থিত?
উত্তর : চট্টগ্রাম।

৯. প্রশ্ন : চিম্বুক পাহাড়ের পাদদেশে কোন আদিবাসীরা বাস করে?
উত্তর : মারমা।

১০. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় পর্বতশৃঙ্গের নাম কী?
উত্তর : বিজয় (তাজিং ডং)।

১১. প্রশ্ন : বিজয় পর্বতশৃঙ্গটি কোন জেলায় অবস্থিত?
উত্তর : বান্দরবান।

১২. প্রশ্ন : বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম পর্বতশৃঙ্গ কোনটি?
উত্তর : কেওক্রাডং।

১৩. প্রশ্ন : কেওক্রাডং পর্বতশৃঙ্গটি কোন জেলায় অবস্থিত?
উত্তর : বান্দরবান।

১৪. প্রশ্ন : শাখা-প্রশাখাসহ বাংলাদেশের নদ-নদীর সংখ্যা কত?
উত্তর : ৪০৫টি।*



* বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর তথ্য অনুযায়ী

SPECIMEN

১৫. প্রশ্ন : বাংলাদেশের প্রধান প্রধান নদ-নদীর নাম লেখো।
উত্তর : পদ্মা, মেঘনা, যমুনা, ব্রহ্মপুত্র, সুরমা, কর্ণফুলি, গোমতী, তিস্তা প্রভৃতি।

১৬. প্রশ্ন : বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র কোনটি?
উত্তর : হালদা নদী।

১৭. প্রশ্ন : পদ্মা ও যমুনা নদী কোথায় মিলিত হয়েছে?
উত্তর : গোয়ালন্দ, রাজবাড়ী।

১৮. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম নদ কোনটি?
উত্তর : ব্রহ্মপুত্র।

১৯. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে প্রশস্ত নদীর নাম কী?
উত্তর : মেঘনা।

২০. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদীর নাম কী?
উত্তর : কর্ণফুলি।


২১. প্রশ্ন : বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্তকারী নদী কোনটি?
উত্তর : নাফ নদী।

২২. প্রশ্ন : বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদীর নাম কী?
উত্তর : হাড়িয়াভাঙ্গা।

২৩. প্রশ্ন : মেঘনা নদীর উৎপত্তিস্থল কোথায়?
উত্তর : আসামের লুসাই পাহাড়।

২৪. প্রশ্ন : উৎপত্তিস্থলে মেঘনার নাম কী?
উত্তর : বরাক নদী।

২৫. প্রশ্ন : মেঘনা নদী কোথায় পতিত হয়েছে?
উত্তর : বঙ্গোপসাগরে।



২৬. প্রশ্ন : পদ্মা নদী মেঘনার সাথে কোথায় মিলিত হয়েছে?
উত্তর : চাঁদপুরে।

২৭. প্রশ্ন : ভারত থেকে আসা বাংলাদেশের নদী কতটি?
উত্তর : ৫৪টি।

২৮. প্রশ্ন : বাংলাদেশের প্রধান প্রধান নদীবন্দর কী কী?
উত্তর : ঢাকা, চাঁদপুর, বরিশাল, খুলনা, সিরাজগঞ্জ, ভৈরববাজার, গোয়ালন্দ, আরিচা, নগরবাড়ি প্রভৃতি।

২৯. প্রশ্ন : বাংলাদেশের দক্ষিণে কোন উপসাগর অবস্থিত?
উত্তর : বঙ্গোপসাগর।

৩০. প্রশ্ন : বঙ্গোপসাগরের মোট আয়তন কত?
উত্তর : প্রায় ২২ লক্ষ বর্গকিলোমিটার।

৩১. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় সমুদ্র সৈকত কোনটি?
উত্তর : কক্সবাজার সমুদ্র সৈকত।

৩২. প্রশ্ন : কক্সবাজার সমুদ্র সৈকতের দৈর্ঘ্য কত?
উত্তর : ১২০ কিলোমিটার।*

৩৩. প্রশ্ন : দৈর্ঘ্যের দিক থেকে কক্সবাজার সমুদ্র সৈকত পৃথিবীর কততম?
উত্তর : প্রথম।

৩৪. প্রশ্ন : বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সমুদ্র সৈকত কোনটি?
উত্তর : কুয়াকাটা সমুদ্র সৈকত।

৩৫. প্রশ্ন : কুয়াকাটা সমুদ্র সৈকতের দৈর্ঘ্য কত?
উত্তর : ১৮ কিলোমিটার।

৩৬. প্রশ্ন : বাংলাদেশের কোন সমুদ্র সৈকত থেকে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়?
উত্তর : কুয়াকাটা সমুদ্র সৈকত থেকে।

৩৭. প্রশ্ন : কুয়াকাটা সমুদ্র সৈকত বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
উত্তর : পটুয়াখালী জেলায়।

৩৮. প্রশ্ন : বাংলাদেশের সমুদ্র বন্দর কয়টি ও কী কী?
উত্তর : ৩টি। যথা— ১. চট্টগ্রাম, ২. মংলা ও ৩. পায়রা।

৩৯. প্রশ্ন : বাংলাদেশের প্রধান সমুদ্র বন্দর কোন জেলায় অবস্থিত?
উত্তর : চট্টগ্রাম জেলায়।

৪০. প্রশ্ন : মংলা সমুদ্র বন্দর কোন জেলায় অবস্থিত?
উত্তর : বাগেরহাট জেলায়।



* বাংলাদেশ পর্যটন কর্পোরেশন-এর তথ্য অনুযায়ী

# বাংলাদেশের বিভাগ ও জেলা পরিচিতি

১. প্রশ্ন : বাংলাদেশে বর্তমানে কতটি বিভাগ রয়েছে?
উত্তর : ৮টি। বিভাগগুলো হলো— ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল, খুলনা, সিলেট, রংপুর ও ময়মনসিংহ।

২. প্রশ্ন : বাংলাদেশের জেলার সংখ্যা কত?
উত্তর : ৬৪টি।

৩. প্রশ্ন : ঢাকা বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ১৩টি। এগুলো হলো— ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, ফরিদপুর ও রাজবাড়ী।

৪. প্রশ্ন : চট্টগ্রাম বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ১১টি। এগুলো হলো— চট্টগ্রাম, রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, চাঁদপুর, কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়া।

৫. প্রশ্ন : রাজশাহী বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ৮টি। এগুলো হলো— রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট।

৬. প্রশ্ন : খুলনা বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ১০টি। এগুলো হলো— খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, মাগুরা, ঝিনাইদহ, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা।

৭. প্রশ্ন : বরিশাল বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ৬টি। এগুলো হলো— বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা ও ভোলা।

৮. প্রশ্ন : রংপুর বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ৮টি। এগুলো হলো— দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী ও রংপুর।

৯. প্রশ্ন : সিলেট বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ৪টি। এগুলো হলো— সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার।

১০. প্রশ্ন : সর্বশেষ গঠিত বিভাগ কোনটি?
উত্তর : ময়মনসিংহ (২০১৫ সালের ১৪ই সেপ্টেম্বর)।

১১. প্রশ্ন : ময়মনসিংহ বিভাগের জেলা কতটি ও কী কী?
উত্তর : ৪টি। এগুলো হলো— ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা ও শেরপুর।



SPECIMEN

# বাংলাদেশের বিখ্যাত স্থানসমূহ

১. প্রশ্ন : টুঙ্গিপাড়া কেন বিখ্যাত?
উত্তর : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মস্থান ও সমাধি টুঙ্গিপাড়ায় বলে এ স্থান বিখ্যাত।


সোনারগাঁও

২. প্রশ্ন : কাপ্তাই কীসের জন্য পরিচিত?
উত্তর : প্রধান পানি বিদ্যুৎ কেন্দ্রের জন্য।

৩. প্রশ্ন : কাপ্তাই কোথায় অবস্থিত?
উত্তর : রাঙামাটি জেলার কর্ণফুলি নদীর তীরে।

৪. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় সমুদ্র সৈকত কোনটি?
উত্তর : কক্সবাজার।

৫. প্রশ্ন : সোনারগাঁও কেন বিখ্যাত?
উত্তর : ঐতিহাসিক স্থান হিসেবে (বাংলার স্বাধীন শাসক ঈসা খাঁর রাজধানী ছিল)।

৬. প্রশ্ন : কর্ণফুলি কাগজ কল ও রেয়ন মিল কোথায় অবস্থিত?
উত্তর : চন্দ্রঘোনায়, কর্ণফুলি নদীর তীরে।

৭. প্রশ্ন : আশুগঞ্জ সার কারখানা কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর : মেঘনা।

৮. প্রশ্ন : পাহাড়পুরের প্রাচীন নাম কী?
উত্তর : সোমপুর (রাজশাহী বিভাগের নওগাঁ জেলার অন্তর্গত)।

৯. প্রশ্ন : ফেঞ্চুগঞ্জ সার কারখানা কোথায় অবস্থিত?
উত্তর : সিলেট জেলার কুশিয়ারা নদীর তীরে।

১০. প্রশ্ন : মহাস্থানগড় কোথায় অবস্থিত?
উত্তর : বগুড়া জেলার করতোয়া নদীর তীরে।

১১. প্রশ্ন : কোটবাড়ি কোথায় অবস্থিত?
উত্তর : কুমিল্লায় (এখানে প্রাচীন বৌদ্ধ সভ্যতার নিদর্শন পাওয়া গেছে)।

# বাংলাদেশে সবচেয়ে বড়

১. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় গ্রামের নাম কী?
উত্তর : বানিয়াচং (হবিগঞ্জ জেলা)।

২. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় থানার নাম কী?
উত্তর : শ্যামনগর।

৩. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় জেলার নাম কী?
উত্তর : রাঙামাটি।

৪. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় শহর কোনটি?
উত্তর : ঢাকা শহর।

৫. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় বিভাগ কোনটি?
উত্তর : চট্টগ্রাম বিভাগ।

৬. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় বাঁধের নাম কী?
উত্তর : কাপ্তাই বাঁধ।

৭. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় ঈদগাহ ময়দান কোনটি?
উত্তর : গোর-এ শহিদ মাঠ, দিনাজপুর।

৮. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় চিনিকল কোনটি?
উত্তর : কেরু অ্যান্ড কোম্পানি, দর্শনা, চুয়াডাঙ্গা।

৯. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় দ্বীপের নাম কী?
উত্তর : ভোলা।

১০. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় সার কারখানা কোনটি?
উত্তর : যমুনা সার কারখানা, জামালপুর।

১১. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় রেলজংশন কোনটি?
উত্তর : ঈশ্বরদী রেলজংশন, পাবনা।

১২. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় রেলস্টেশন কোনটি?
উত্তর : কমলাপুর রেলস্টেশন, ঢাকা।



SPECIMEN

১৩. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় হাসপাতাল কোনটি?
উত্তর : ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।

১৪. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় তাপ বিদ্যুৎ কেন্দ্রের নাম কী?
উত্তর : ভেড়ামারা তাপ বিদ্যুৎ কেন্দ্র, কুষ্টিয়া।

১৫. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় জাদুঘরের নাম কী?
উত্তর : বাংলাদেশ জাতীয় জাদুঘর।

১৬. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় বিমানবন্দর কোনটি?
উত্তর : হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

১৭. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় স্টেডিয়াম কোনটি?
উত্তর : বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা।

১৮. প্রশ্ন : বাংলাদেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ বলা হয় কোনটিকে?
উত্তর : ঢাকা বিশ্ববিদ্যালয়কে।

১৯. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় বিলের নাম কী?
উত্তর : চলন বিল।


২০. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় গ্রন্থাগার কোনটি?
উত্তর : সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা।

২১. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় সমুদ্র বন্দর কোনটি?
উত্তর : চট্টগ্রাম সমুদ্র বন্দর।

২২. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় হাওর কোনটি?
উত্তর : হাকালুকি হাওর।

২৩. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় পার্ক কোনটি?
উত্তর : রমনা পার্ক।

২৪. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় মসজিদ কোনটি?
উত্তর : বায়তুল মোকাররম মসজিদ।


বাংলাদেশ জাতীয় জাদুঘর

# বাংলাদেশের প্রথম

১. প্রশ্ন : বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

২. প্রশ্ন : বাংলাদেশের প্রথম উপরাষ্ট্রপতি কে ছিলেন?
উত্তর : সৈয়দ নজরুল ইসলাম।

৩. প্রশ্ন : বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?
উত্তর : তাজউদ্দীন আহমদ।

৪. প্রশ্ন : বাংলাদেশের প্রথম পররাষ্ট্রমন্ত্রী কে ছিলেন?
উত্তর : খন্দকার মোশতাক আহমেদ।

৫. প্রশ্ন : বাংলাদেশের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী কে ছিলেন?
উত্তর : এ এইচ এম কামারুজ্জামান।

৬. প্রশ্ন : বাংলাদেশের প্রথম অর্থমন্ত্রী কে ছিলেন?
উত্তর : ক্যাপ্টেন এম মনসুর আলী।


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৭. প্রশ্ন : বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি কে ছিলেন?
উত্তর : মহম্মদ আতাউল গণি ওসমানী।

৮. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় সংসদের প্রথম স্পিকার কে ছিলেন?
উত্তর : শাহ আবদুল হামিদ।

৯. প্রশ্ন : বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি কে ছিলেন?
উত্তর : এ এস এম সায়েম।

১০. প্রশ্ন : বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর কে ছিলেন?
উত্তর : এ এন এম হামিদুল্লাহ।


সৈয়দ নজরুল ইসলাম


তাজউদ্দীন আহমদ


এ এইচ এম কামারুজ্জামান


ক্যাপ্টেন এম মনসুর আলী

# বাংলাদেশের দীর্ঘতম, উচ্চতম, বৃহত্তম ও ক্ষুদ্রতম

১. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম সড়কসেতু কোনটি?
   উত্তর : পদ্মা সেতু।

২. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম রেলসেতু কোনটি?
   উত্তর : হার্ডিঞ্জ ব্রিজ।

৩. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম নদীর নাম কী?
   উত্তর : সুরমা নদী।

৪. প্রশ্ন : বাংলাদেশের ক্ষুদ্রতম নদীর নাম কী?
   উত্তর : গোবরা নদী।

৫. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম সমুদ্র সৈকত কোনটি?
   উত্তর : কক্সবাজার সমুদ্র সৈকত।

৬. প্রশ্ন : বাংলাদেশের দীর্ঘতম নদ কোনটি?
   উত্তর : ব্রহ্মপুত্র।

৭. প্রশ্ন : বাংলাদেশের উচ্চতম পাহাড়শ্রেণির নাম কী?
   উত্তর : গারো পাহাড়।

৮. প্রশ্ন : বাংলাদেশের উচ্চতম পর্বতশৃঙ্গ কোনটি?
   উত্তর : বিজয় (তাজিং ডং)।

৯. প্রশ্ন : বাংলাদেশের উচ্চতম বৃক্ষের নাম কী?
   উত্তর : বৈলাম বৃক্ষ।

১০. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম বিভাগ কোনটি?
   উত্তর : চট্টগ্রাম।

১১. প্রশ্ন : বাংলাদেশের ক্ষুদ্রতম বিভাগ কোনটি?
   উত্তর : ময়মনসিংহ।

১২. প্রশ্ন : বাংলাদেশের বৃহত্তম জেলার নাম কী?
   উত্তর : রাঙামাটি।

১৩. প্রশ্ন : বাংলাদেশের ক্ষুদ্রতম জেলার নাম কী?
   উত্তর : নারায়ণগঞ্জ।

১৪. প্রশ্ন : বাংলাদেশের ক্ষুদ্রতম ইউনিয়ন কোনটি?
   উত্তর : হাজিপুর, ভোলা।


পদ্মা সেতু

SPECIMEN

# বাংলাদেশের প্রধান প্রধান পদের পরিচয়

১. প্রশ্ন : বাংলাদেশের রাষ্ট্রপ্রধানকে কী বলা হয়?
উত্তর : রাষ্ট্রপতি।


রাষ্ট্রপতি

২. প্রশ্ন : বাংলাদেশের সরকার প্রধানকে কী বলা হয়?
উত্তর : প্রধানমন্ত্রী।

৩. প্রশ্ন : বাংলাদেশের মন্ত্রণালয়ের প্রধানকে কী বলা হয়?
উত্তর : মন্ত্রী।

৪. প্রশ্ন : প্রধানমন্ত্রীর সচিবালয়ের প্রধানকে কী বলা হয়?
উত্তর : মুখ্য সচিব।

৫. প্রশ্ন : বাংলাদেশের সুপ্রিম কোর্টের প্রধানকে কী বলা হয়?
উত্তর : প্রধান বিচারপতি।


প্রধানমন্ত্রী

৬. প্রশ্ন : বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ের প্রধানকে কী বলা হয়?
উত্তর : চ্যান্সেলর।

৭. প্রশ্ন : বাংলাদেশ ব্যাংকের প্রধানকে কী বলা হয়?
উত্তর : গভর্নর।

৮. প্রশ্ন : পুলিশ বাহিনীর প্রধানকে কী বলা হয়?
উত্তর : আইজিপি।

৯. প্রশ্ন : বাংলাদেশের বিভাগের প্রশাসনিক প্রধানকে কী বলা হয়?
উত্তর : বিভাগীয় কমিশনার।

১০. প্রশ্ন : সিটি কর্পোরেশনের প্রধানকে কী বলা হয়?
উত্তর : মেয়র বা নগরপিতা।


বাংলাদেশ সুপ্রিম কোর্ট

১১. প্রশ্ন : জেলার প্রশাসনিক প্রধানকে কী বলা হয়?
উত্তর : জেলা প্রশাসক।

১২. প্রশ্ন : উপজেলার প্রশাসনিক প্রধানকে কী বলা হয়?
উত্তর : উপজেলা নির্বাহী অফিসার।

১৩. প্রশ্ন : থানার পুলিশ প্রধানকে কী বলা হয়?
উত্তর : অফিসার ইন চার্জ।




SPECIMEN

# বাংলাদেশের কয়েকজন বিশিষ্ট ব্যক্তিত্ব

১. প্রশ্ন : বাংলাদেশের কয়েকজন বিখ্যাত রাজনীতিবিদের নাম লেখো।

উত্তর : ১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
২. শেরে বাংলা এ কে ফজলুল হক,
৩. হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও
৪. মওলানা আবদুল হামিদ খান ভাসানী।


শেখ মুজিবুর রহমান


শেরে বাংলা এ কে ফজলুল হক


মওলানা আবদুল হামিদ খান ভাসানী

২. প্রশ্ন : বাংলাদেশের কয়েকজন বিশিষ্ট শিক্ষাবিদের নাম লেখো।

উত্তর : ১. ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্,
২. ডক্টর মুহম্মদ এনামুল হক,
৩. ডক্টর কাজী মোতাহার হোসেন,
৪. প্রিন্সিপাল ইব্রাহিম খাঁ ও
৫. ডক্টর আনিসুজ্জামান।


ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্


ডক্টর মুহম্মদ এনামুল হক

SPECIMEN

৩. প্রশ্ন : বাংলাদেশের কয়েকজন প্রখ্যাত কবি ও সাহিত্যিকের নাম লেখো।

উত্তর : ১. কাজী নজরুল ইসলাম,
২. জসীমউদ্‌দীন,
৩. মাইকেল মধুসূদন দত্ত,
৪. শামসুর রাহমান ও
৫. বেগম সুফিয়া কামাল।


১



২


৩

৪. প্রশ্ন : বাংলাদেশের কয়েকজন খ্যাতনামা বিজ্ঞানীর নাম লেখো।

উত্তর : ১. স্যার জগদীশচন্দ্র বসু,
২. সত্যেন্দ্রনাথ বসু,
৩. আচার্য প্রফুল্লচন্দ্র রায়,
৪. ডক্টর মেঘনাদ সাহা ও
৫. ডক্টর কুদরত-ই-খুদা।


১


৩


৫

৫. প্রশ্ন : বাংলাদেশের কয়েকজন বিখ্যাত চিত্রশিল্পীর নাম লেখো।

উত্তর : ১. শিল্পাচার্য জয়নুল আবেদীন,
২. কামরুল হাসান,
৩. এস এম সুলতান,
৪. কাইয়ুম চৌধুরী ও
৫. হাশেম খান।


১


৩

SPECIMEN

# বাংলাদেশের শিক্ষা



১. প্রশ্ন : বাংলাদেশের প্রথম নিরক্ষরমুক্ত জেলার নাম কী?
উত্তর : মাগুরা।

২. প্রশ্ন : বাংলাদেশের বর্তমান শিক্ষার হার কত?
উত্তর : ৭৪.৬৬%।

৩. প্রশ্ন : বাংলাদেশের শিক্ষার হার কোন বিভাগে বেশি?
উত্তর : ঢাকা।*

৪. প্রশ্ন : ঢাকা বিভাগে বর্তমান শিক্ষার হার কত?
উত্তর : ৭৮.০৯%।

৫. প্রশ্ন : বাংলাদেশের প্রথম নিরক্ষরমুক্ত গ্রাম কোনটি?
উত্তর : কৃষ্টপুর গ্রাম।


৬. প্রশ্ন : বাংলাদেশের প্রথম নিরক্ষরমুক্ত বিভাগ কোনটি?
উত্তর : সিলেট।

৭. প্রশ্ন : সারাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় কত তারিখে?
উত্তর : ১৯৯৩ সালের ১লা জানুয়ারি।

৮. প্রশ্ন : বাংলাদেশে মহিলা ক্যাডেট কলেজ কয়টি ও কী কী?
উত্তর : ৩টি। এগুলো হলো— ১. ময়মনসিংহ মহিলা ক্যাডেট কলেজ,
২. ফেনী মহিলা ক্যাডেট কলেজ ও
৩. জয়পুরহাট মহিলা ক্যাডেট কলেজ।

৯. প্রশ্ন : বাংলাদেশে সরকারি বিশ্ববিদ্যালয় কতটি?
উত্তর : ৫২টি।

১০. প্রশ্ন : বাংলাদেশে সরকারি মেডিকেল কলেজ কতটি?
উত্তর : ৩৭টি।



১১. প্রশ্ন : বাংলাদেশে মেডিকেল বিশ্ববিদ্যালয় কতটি?
উত্তর : ৪টি।


১২. প্রশ্ন : ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি কোথায় অবস্থিত?
উত্তর : গাজীপুরে।

১৩. প্রশ্ন : বাংলাদেশে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত?
উত্তর : ১ লাখ ৩৪ হাজার ১৪৭টি।**

১৪. প্রশ্ন : বাংলাদেশে মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা কত?
উত্তর : ৩৫,৫৮৯টি।

* জনশুমারি ও গৃহগণনা প্রাথমিক প্রতিবেদন ২০২২-এর তথ্য অনুসারে।
** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর তথ্য অনুসারে।

১৫. প্রশ্ন : বাংলাদেশে ক্যাডেট কলেজ কয়টি ও কী কী?
উত্তর : ১২টি। এগুলো হলো—
১. ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম
২. মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল
৩. ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ
৪. রাজশাহী ক্যাডেট কলেজ, রাজশাহী
৫. সিলেট ক্যাডেট কলেজ, সিলেট
৬. রংপুর ক্যাডেট কলেজ, রংপুর
৭. পাবনা ক্যাডেট কলেজ, পাবনা
৮. বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল
৯. ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ
১০. কুমিল্লা ক্যাডেট কলেজ, কুমিল্লা
১১. ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী ও
১২. জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ, জয়পুরহাট।


ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ

১৬. প্রশ্ন : বাংলাদেশের প্রথম প্রতিষ্ঠিত ক্যাডেট কলেজ কোনটি?
উত্তর : ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম।

১৭. প্রশ্ন : বাংলাদেশে শিক্ষাবোর্ড কয়টি ও কী কী?
উত্তর : ১১টি। এগুলো হলো—
১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
৩. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৪. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
৬. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
৭. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৮. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৯. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
১০. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ও
১১. কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।




SPECIMEN

# আদিবাসীদের কথা

১. প্রশ্ন : বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তার সংখ্যা কত?
উত্তর : প্রায় ৫০টি।*

২. প্রশ্ন : বাংলাদেশে কোন আদিবাসী সবচেয়ে বেশি বাস করে?
উত্তর : চাকমা।



৩. প্রশ্ন : চাকমা আদিবাসীরা প্রধানত কোথায় বাস করে?
উত্তর : রাঙামাটি ও খাগড়াছড়িতে।

৪. প্রশ্ন : চাকমাদের ধর্ম কী?
উত্তর : বৌদ্ধ।

৫. প্রশ্ন : মুরংরা বাস করে কোন জেলায়?
উত্তর : বান্দরবান জেলায়।

৬. প্রশ্ন : মারমারা বাস করে কোন কোন জেলায়?
উত্তর : বান্দরবান, কক্সবাজার ও পটুয়াখালীর খেপুপাড়ায়।

৭. প্রশ্ন : সাঁওতালরা বাস করে কোন কোন জেলায়?
উত্তর : রাজশাহী ও দিনাজপুরে।

৮. প্রশ্ন : খাসিয়া ও মণিপুরীরা বাস করে কোন জেলায়?
উত্তর : সিলেটে।

৯. প্রশ্ন : হাজং ও গারোরা কোথায় বাস করে?
উত্তর : ময়মনসিংহ ও নেত্রকোণায়।

১০. প্রশ্ন : চাকমাদের বর্ষবরণ অনুষ্ঠানকে কী বলে?
উত্তর : বিজু।

১১. প্রশ্ন : ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি কোথায় অবস্থিত?
উত্তর : নেত্রকোণা জেলার বিরিশিরিতে।




১২. প্রশ্ন : রাখাইনদের আদিনিবাস কোথায়?
উত্তর : আরাকান (মিয়ানমার)।

১৩. প্রশ্ন : হুদিরা কোন জেলায় বাস করে?
উত্তর : নেত্রকোণা জেলায়।

* ২৩ মার্চ ২০১৯, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর তথ্য অনুযায়ী

# গাছপালার কথা



১. প্রশ্ন : উদ্ভিদের যে প্রাণ আছে, এ কথা প্রথম কে আবিষ্কার করেন?
উত্তর : স্যার জগদীশচন্দ্র বসু।

২. প্রশ্ন : আমরা যে অক্সিজেন গ্রহণ করি তা প্রধানত কোথা থেকে পাই?
উত্তর : উদ্ভিদ থেকে।

৩. প্রশ্ন : উদ্ভিদের কয়টি অংশ ও কী কী?
উত্তর : ৫টি। এগুলো হলো— মূল, কাণ্ড, পাতা, ফুল ও ফল।

৪. প্রশ্ন : গাছের পাতা সবুজ কেন?
উত্তর : গাছের পাতায় ক্লোরোফিল নামক রাসায়নিক পদার্থ থাকার কারণে।

৫. প্রশ্ন : কোন গাছের ছাল মানুষ ঔষধ হিসেবে খায়?
উত্তর : অর্জুন গাছের ছাল।

৬. প্রশ্ন : কোন গাছের পাতা নেই?
উত্তর : ফণীমনসা।

৭. প্রশ্ন : কোন গাছ বেশি ফল দেয়?
উত্তর : আখরোট গাছ।

৮. প্রশ্ন : কোন গাছে হাত লাগলেই নুয়ে পড়ে?
উত্তর : লজ্জাবতী।




৯. প্রশ্ন : কোন গাছ পাতা থেকে জন্মে?
উত্তর : পাথরকুচি।

১০. প্রশ্ন : সবচেয়ে বড় ঘাসজাতীয় উদ্ভিদ কোনটি?
উত্তর : বাঁশ।

১১. প্রশ্ন : পাঁচটি ভেষজ গাছের নাম লেখো।
উত্তর : অর্জুন, নিম, নিশিন্দা, বেল ও অশ্বত্থ।


১২. প্রশ্ন : বাংলাদেশের পাঁচটি ফলদ গাছের নাম লেখো।
উত্তর : আমগাছ, জামগাছ, পেয়ারা গাছ, কাঁঠাল গাছ ও পেঁপে গাছ।

# প্রাণিজগতের কথা




১. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় জলজ প্রাণী কোনটি?
উত্তর : নীল তিমি।

২. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় স্থলজ প্রাণী কোনটি?
উত্তর : হাতি।



৩. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় বাঘের নাম কী?
উত্তর : সাইবেরিয়ান টাইগার।

৪. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে দ্রুতগামী পশু কোনটি?
উত্তর : চিতা বাঘ।




৫. প্রশ্ন : কোন প্রাণী সবচেয়ে বেশি প্রভুভক্ত?
উত্তর : কুকুর।

৬. প্রশ্ন : কোন পশুকে পশুর রাজা বলা হয়?
উত্তর : সিংহকে ।




৭. প্রশ্ন : সবচেয়ে ছোট স্তন্যপায়ী প্রাণী কোনটি?
উত্তর : এট্রুস্কান শ্রু (চিকা)।

৮. প্রশ্ন : পৃথিবীর উচ্চতম প্রাণী কোনটি?
উত্তর : জিরাফ।



৯. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে দীর্ঘজীবী প্রাণীর নাম কী?
উত্তর : কচ্ছপ।



১০. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বিষধর সাপের নাম কী?
উত্তর : ইনল্যান্ড তাইপান।

১১. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে ছোট পাখির নাম কী?
উত্তর : হামিং বার্ড।

১২. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় পাখির নাম কী?
উত্তর : উটপাখি।



১৩. প্রশ্ন : পাখির রাজা বলা হয় কোন পাখিকে?
উত্তর : ঈগলকে।

১৪. প্রশ্ন : কোন পাখিকে ঝাড়ুদার পাখি বলে?
উত্তর : কাককে।



SPECIMEN



১৫. প্রশ্ন : কোন প্রাণী পেটের থলেতে বাচ্চা রাখে?


উত্তর : ক্যাঙ্গারু।

১৬. প্রশ্ন : কোন পাখিকে শান্তির প্রতীক বলা হয়?

উত্তর : কবুতর।

১৭. প্রশ্ন : কোন প্রাণীর গায়ের চামড়া সবচেয়ে শক্ত?

উত্তর : গন্ডারের।




১৮. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে হিংস্র পশু কোনটি?

উত্তর : হায়েনা।

১৯. প্রশ্ন : সবচেয়ে নিরীহ প্রাণী কোনটি?

উত্তর : হরিণ।



২০. প্রশ্ন : কোন প্রাণীর রক্ত সাদা?

উত্তর : টিকটিকি।

২১. প্রশ্ন : কোন প্রাণী চোখ মেলে ঘুমায়?

উত্তর : মাছ।

২২. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় সাপ কোনটি?

উত্তর : অ্যানাকোন্ডা।




২৩. প্রশ্ন : কোন প্রাণী জিহ্বা দিয়ে শোনে?

উত্তর : সাপ।

২৪. প্রশ্ন : মাকড়সার কয়টি চোখ?

উত্তর : ৮টি ।



২৫. প্রশ্ন : কোন জলজ জীবটি বাতাসে নিঃশ্বাস নেয়?

উত্তর : শুশুক।


২৬. প্রশ্ন : বর্ণহীন রক্তের প্রাণী কোনটি?

উত্তর : তেলাপোকা।

২৭. প্রশ্ন : প্রকৃতির লাঙল বলা হয় কোন প্রাণীকে?

উত্তর : কেঁচোকে।

# মানবদেহের কথা



১. প্রশ্ন : মানুষের শরীরে কয়টি হাড় আছে?
উত্তর : ২০৬টি।

২. প্রশ্ন : মানুষের শরীরের বুকের দুই পাশে কয়টি হাড় আছে?
উত্তর : ১২টি করে মোট ২৪টি ।

৩. প্রশ্ন : মানুষের মেরুদণ্ডে মোট কয়টি হাড় আছে?
উত্তর : ৩৩টি ।

৪. প্রশ্ন : একজন মানুষের শরীরে স্বাভাবিক তাপমাত্রা কত?
উত্তর : ৯৮.৪ ডিগ্রি ফারেনহাইট।

৫. প্রশ্ন : রক্তের রং লাল হয় কেন?
উত্তর : রক্তের লোহিত কণিকায় হিমোগ্লোবিন থাকার কারণে।

৬. প্রশ্ন : একজন প্রাপ্তবয়স্ক মানুষের মোট কতটি দাঁত থাকে?
উত্তর : ৩২টি।

৭. প্রশ্ন : মানুষের শরীরে কত ভাগ পানি থাকে?
উত্তর : প্রায় ৭০ ভাগ।

৮. প্রশ্ন : মানুষ কোন কানে বেশি শোনে?
উত্তর : ডান কানে।

৯. প্রশ্ন : হৃৎপিণ্ডের কাজ কী?
উত্তর : দেহে রক্ত চলাচলে সাহায্য করা।

১০. প্রশ্ন : ধমনি কী?
উত্তর : যে নালি দ্বারা বিশুদ্ধ রক্ত চলাচল করে তাকে ধমনি বলে।

১১. প্রশ্ন : শিরা কী?
উত্তর : যে নালি দ্বারা দূষিত রক্ত চলাচল করে তাকে শিরা বলে।

১২. প্রশ্ন : মানবদেহের বৃহত্তম অঙ্গ কোনটি?
উত্তর : ত্বক।

১৩. প্রশ্ন : মানবদেহের বৃহত্তম হাড় কোনটি?
উত্তর : ফিমার (উরুর হাড়)।

১৪. প্রশ্ন : মানবদেহের ক্ষুদ্রতম হাড় কোনটি?
উত্তর : স্টেপিস (কানের হাড়)।

১৫. প্রশ্ন : মানবদেহে শ্বসনের প্রধান অঙ্গ কোনটি?
উত্তর : ফুসফুস।

১৬. প্রশ্ন : মানবদেহের পুষ্টি উপাদান কয় ধরনের ও কী কী?
উত্তর : ৬ ধরনের। এগুলো হলো— আমিষ, শর্করা, স্নেহ, ভিটামিন, খনিজ লবণ ও পানি।

# বিজ্ঞানের কথা



বিদ্যুৎ চমকানো

১. প্রশ্ন : পানির উপাদান কী কী?
উত্তর : হাইড্রোজেন ও অক্সিজেন।

২. প্রশ্ন : বরফ পানিতে ভাসে কেন?
উত্তর : বরফ পানির চেয়ে হালকা বলে পানিতে ভাসে।

৩. প্রশ্ন : অক্সিজেন কী?
উত্তর : বর্ণহীন, গন্ধহীন ও স্বাদহীন এক ধরনের মৌলিক পদার্থ।

৪. প্রশ্ন : গ্যাস কী?
উত্তর : এক ধরনের বায়বীয় পদার্থ।

৫. প্রশ্ন : পদার্থের অবস্থা কয়টি?
উত্তর : ৩টি ।

৬. প্রশ্ন : তরল ধাতুর নাম কী?
উত্তর : পারদ।

৭. প্রশ্ন : সবচেয়ে হালকা গ্যাসের নাম কী?
উত্তর : হাইড্রোজেন।



থার্মোমিটার

৮. প্রশ্ন : কোন গ্যাস আগুন নেভায়?
উত্তর : কার্বন-ডাই-অক্সাইড।

৯. প্রশ্ন : বিদ্যুৎ কী?
উত্তর : বিদ্যুৎ এক প্রকার শক্তি।

১০. প্রশ্ন : বিদ্যুৎ চমকায় কেন?
উত্তর : মেঘে মেঘে ঘর্ষণের ফলে।

১১. প্রশ্ন : তড়িৎ প্রবাহে কী থাকে?
উত্তর : ইলেকট্রন।

১২. প্রশ্ন : কম্পাস কী?
উত্তর : দিক নির্ণয় করার যন্ত্র।



কম্পাস

১৩. প্রশ্ন : থার্মোমিটার কী?
উত্তর : তাপমাত্রা নির্ণয় করার যন্ত্র।

১৪. প্রশ্ন : ব্যারোমিটার কী?
উত্তর : বায়ুর চাপ পরিমাপ করার যন্ত্র।

১৫. প্রশ্ন : বাতাসে নাইট্রোজেনের পরিমাণ কত ভাগ?
উত্তর : শতকরা ৭৮.০২ ভাগ।

১৬. প্রশ্ন : বাতাসে অক্সিজেনের পরিমাণ কত ভাগ?
উত্তর : শতকরা ২০.৭১ ভাগ।

SPECIMEN

# পৃথিবী ও সৌরজগৎ

১. প্রশ্ন : পৃথিবী কী?
উত্তর : একটি গ্রহ।

২. প্রশ্ন : পৃথিবীর একমাত্র উপগ্রহের নাম কী?
উত্তর : চাঁদ ।

৩. প্রশ্ন : পৃথিবীর আকার কীরূপ?
উত্তর : পৃথিবী গোলাকার। তবে উত্তর-দক্ষিণে কমলালেবুর মতো কিছুটা চ্যাপ্টা।

৪. প্রশ্ন : পৃথিবীর আনুমানিক বয়স কত?
উত্তর : প্রায় ৫০০ কোটি বছর।

৫. প্রশ্ন : পৃথিবীতে বর্তমান জনসংখ্যা কত?
উত্তর : ৭৮৪ কোটি ৯১ লক্ষ।*

৬. প্রশ্ন : পৃথিবীতে মহাদেশ কয়টি ও কী কী?
উত্তর : ৭টি। এগুলো হলো— এশিয়া, ইউরোপ, আফ্রিকা, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ওশেনিয়া ও এন্টার্কটিকা।

৭. প্রশ্ন : পৃথিবীতে মহাসাগর কয়টি ও কী কী?
উত্তর : ৫টি। এগুলো হলো— প্রশান্ত মহাসাগর, আটলান্টিক মহাসাগর, ভারত মহাসাগর, উত্তর মহাসাগর ও দক্ষিণ মহাসাগর।

৮. প্রশ্ন : পৃথিবীতে মোট স্বাধীন রাষ্ট্র কয়টি?
উত্তর : ১৯৫টি।

৯. প্রশ্ন : পৃথিবীর বৃহত্তম দেশ কোনটি?
উত্তর : রাশিয়া।

১০. প্রশ্ন : পৃথিবীর ক্ষুদ্রতম দেশ কোনটি?
উত্তর : ভ্যাটিকান সিটি (০.৪৪ বর্গকিলোমিটার)।

১১. প্রশ্ন : পৃথিবীর বৃহত্তম দ্বীপ কোনটি?
উত্তর : গ্রিনল্যান্ড।


পৃথিবী

* ওয়ার্ল্ডোমিটার, ওয়ার্ল্ড পপুলেশন ক্লক ২০২১-এর তথ্য অনুযায়ী

১২. প্রশ্ন : সৌরজগৎ কাকে বলে?
উত্তর : সূর্য এবং তার চারপাশের অসংখ্য গ্রহ, উপগ্রহ, ধূমকেতু নিয়ে যে জগৎ গঠিত তাকে সৌরজগৎ বলে।

১৩. প্রশ্ন : সূর্য কী?
উত্তর : একটি বিশাল নক্ষত্র।

১৪. প্রশ্ন : সৌরজগতে গ্রহ কয়টি ও কী কী?
উত্তর : ৮টি। এগুলো হলো— ১. বুধ, ২. শুক্র, ৩. পৃথিবী, ৪. মঙ্গল, ৫. বৃহস্পতি, ৬. শনি, ৭. ইউরেনাস ও ৮. নেপচুন।

১৫. প্রশ্ন : সৌরজগতের সবচেয়ে বড় গ্রহের নাম কী?
উত্তর : বৃহস্পতি।

১৬. প্রশ্ন : সৌরজগতের সবচেয়ে ছোট গ্রহের নাম কী?
উত্তর : বুধ।

১৭. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে নিকটবর্তী গ্রহের নাম কী?
উত্তর : শুক্র (দূরত্ব ৪.২ কোটি কিলোমিটার)।

১৮. প্রশ্ন : পৃথিবী থেকে সবচেয়ে দূরবর্তী গ্রহ কোনটি?
উত্তর : নেপচুন।



সৌরজগৎ

SPECIMEN

# পৃথিবীর সপ্তাশ্চর্য

১. প্রশ্ন : প্রাচীনকালের সপ্তাশ্চর্যগুলোর নাম লেখো।


উত্তর : ১. ব্যাবিলনের শূন্য উদ্যান, ইরাক  
২. মিশরের পিরামিড  
৩. অলিম্পিয়ার জিউসের মূর্তি, গ্রিস  
৪. আর্টেমিসের মন্দির, তুরস্ক  
৫. রোডস দ্বীপের অতিকায় মূর্তি, গ্রিস  
৬. হেলিকারনেসাসের সমাধি মন্দির, তুরস্ক ও  
৭. আলেকজান্দ্রিয়ার বাতিঘর, মিশর।



২. প্রশ্ন : মধ্যযুগের সপ্তাশ্চর্যগুলোর নাম লেখো।

উত্তর : ১. চীনের মহাপ্রাচীর
২. জর্ডানের পেট্রা সিটি
৩. ব্রাজিলের ক্রাইস্ট ডি রিডিমার মূর্তি
৪. পেরুর মাচু পিচু
৫. মেক্সিকোর মায়া সভ্যতার চিচেন ইৎজা
৬. রোমের কলোসিয়াম, ইতালি ও
৭. আগ্রার তাজমহল, ভারত।



চীনের মহাপ্রাচীর


জর্ডানের পেট্রা সিটি


ব্রাজিলের ক্রাইস্ট ডি রিডিমার মূর্তি


পেরুর মাচু পিচু


মেক্সিকোর মায়া সভ্যতার চিচেন ইৎজা


রোমের কলোসিয়াম


আগ্রার তাজমহল

# স্বাস্থ্য ও রোগব্যাধি

১. প্রশ্ন : পাগলা কুকুর কামড় দিলে কী রোগ হয়?
উত্তর : জলাতঙ্ক।

২. প্রশ্ন : স্কার্ভি রোগের কারণ কী?
উত্তর : ভিটামিন 'সি'-এর অভাব।

৩. প্রশ্ন : রক্তশূন্যতা রোগ হয় কীসের অভাবে?
উত্তর : লৌহ, ভিটামিন বি১২ ও ফলিক এসিড-এর অভাবে।

৪. প্রশ্ন : বেরিবেরি রোগ কীসের অভাবে হয়?
উত্তর : ভিটামিন 'বি'-এর অভাবে।

৫. প্রশ্ন : পোলিওতে বেশি আক্রান্ত হয় কারা?
উত্তর : শিশুরা।

৬. প্রশ্ন : দেহের পচন নিবারক ওষুধের নাম কী?
উত্তর : অ্যান্টিসেপ্টিক।

৭. প্রশ্ন : অম্লনাশক ওষুধের নাম কী?
উত্তর : অ্যান্টাসিড।


খাবার স্যালাইন তৈরি

৮. প্রশ্ন : বারবার পাতলা পায়খানা হলে শরীরে কী সমস্যা হয়?
উত্তর : পানিশূন্যতা তৈরি হয়।

৯. প্রশ্ন : মলা মাছে কী ভিটামিন থাকে?
উত্তর : ভিটামিন 'এ'।

১০. প্রশ্ন : ভিটামিন 'ডি' পাওয়া যায় কীসে?
উত্তর : দুধ ও ডিমে। এছাড়া সূর্যের আলোতে।

১১. প্রশ্ন : রাতকানা রোগ হয় কীসের অভাবে?
উত্তর : ভিটামিন 'এ'-এর অভাবে।

১২. প্রশ্ন : ডায়াবেটিস কেন হয়?
উত্তর : শরীরে ইনসুলিন তৈরি বাধাগ্রস্ত হলে।

১৩. প্রশ্ন : মশার কামড়ে কী কী রোগ হয়?
উত্তর : ম্যালেরিয়া, ডেঙ্গু, চিকুনগুনিয়া ইত্যাদি।

১৪. প্রশ্ন : বর্তমান বিশ্বে কোন রোগ মহামারি আকার ধারণ করেছে?
উত্তর : কোভিড-১৯।

১৫. প্রশ্ন : কোন ভাইরাসের কারণে কোভিড-১৯ হয়?
উত্তর : করোনা ভাইরাস।



কোভিড-১৯ টিকা

# বিশ্বের বিভিন্ন স্থানের উপনাম

১. প্রশ্ন : সোনালি আঁশের দেশ বলা হয় কোন দেশকে?
উত্তর : বাংলাদেশ।

২. প্রশ্ন : সকালবেলার শান্তি বলা হয় কোন দেশকে?
উত্তর : কোরিয়া।

৩. প্রশ্ন : কোন দেশকে নিশীথ সূর্যের দেশ বলা হয়?
উত্তর : নরওয়ে।

৪. প্রশ্ন : মরুভূমির দেশ বলা হয় কোন দেশকে?
উত্তর : আফ্রিকা।

৫. প্রশ্ন : ভূমিকম্পের দেশ বলা হয় কোন দেশকে?
উত্তর : জাপান।

৬. প্রশ্ন : কোন স্থানকে পশুপালনের দেশ বলা হয়?
উত্তর : তুর্কিস্তান (কাজাখস্তান)।

৭. প্রশ্ন : সূর্যোদয়ের দেশ বলা হয় কোন দেশকে?
উত্তর : জাপান।

৮. প্রশ্ন : পিরামিডের দেশ বলা হয় কোন দেশকে?
উত্তর : মিশর।

৯. প্রশ্ন : কোন দেশকে প্রাচীরের দেশ বলা হয়?
উত্তর : চীন।

১০. প্রশ্ন : মসজিদের শহর বলা হয় কোন দুটি শহরকে?
উত্তর : ঢাকা ও ইস্তাম্বুলকে।


১১. প্রশ্ন : চিরশান্তির শহর বলা হয় কোন শহরকে?
উত্তর : রোম (ইতালি)।


১২. প্রশ্ন : মন্দিরের শহর বলা হয় কোন শহরকে?
উত্তর : বেনারস (ভারত)।

১৩. প্রশ্ন : বাজারের শহর বলা হয় কোন শহরকে?
উত্তর : কায়রো (মিশর)।

১৪. প্রশ্ন : বাতাসের শহর বলা হয় কোন শহরকে?
উত্তর : শিকাগো (আমেরিকা)।

১৫. প্রশ্ন : নীলনদের দান বলা হয় কোন দেশকে?
উত্তর : মিশর।


সোনালি আঁশ (পাট)


ইস্তাম্বুল


মিশর

SPECIMEN

# পৃথিবীর দীর্ঘতম, উচ্চতম, বৃহত্তম ও ক্ষুদ্রতম

১. প্রশ্ন : পৃথিবীর দীর্ঘতম সড়ক সেতু কোনটি?
উত্তর : ড্যানইয়াং কুনশান (চীন) (১৬৫ কি.মি.)।



প্রশান্ত মহাসাগর


২. প্রশ্ন : পৃথিবীর দীর্ঘতম ঝুলন্ত সেতুর নাম কী?
উত্তর : আকাশি কাইকিয়ো সেতু (জাপান)।

৩. প্রশ্ন : দীর্ঘতম কৃত্রিম খাল কোনটি?
উত্তর : গ্র্যান্ড ক্যানাল (১৭৭৬ কি.মি.)।

৪. প্রশ্ন : পৃথিবীর দীর্ঘতম রেলপথ কোনটি?
উত্তর : ট্রান্স সাইবেরিয়ান রেলপথ (রাশিয়া)।

৫. প্রশ্ন : পৃথিবীর দীর্ঘতম সড়ক সুড়ঙ্গ কোনটি?
উত্তর : গথার্ড বেজ টানেল (সুইজারল্যান্ড)।

৬. প্রশ্ন : পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত কোনটি?
উত্তর : কক্সবাজার।



এভারেস্ট

৭. প্রশ্ন : পৃথিবীর উচ্চতম দেশ কোনটি?
উত্তর : ভুটান।

৮. প্রশ্ন : পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ কোনটি?
উত্তর : এভারেস্ট।

৯. প্রশ্ন : পৃথিবীর উচ্চতম রাজধানীর নাম কী?
উত্তর : লাপাজ (বলিভিয়া)।

১০. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় মহাদেশের নাম কী?
উত্তর : এশিয়া মহাদেশ।

১১. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় দেশের নাম কী?
উত্তর : রাশিয়া।


মক্কা ক্লক

১২. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় মহাসাগরের নাম কী?
উত্তর : প্রশান্ত মহাসাগর।

১৩. প্রশ্ন : পৃথিবীর গভীরতম মহাসাগরের নাম কী?
উত্তর : প্রশান্ত মহাসাগর।

১৪. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় শহরের নাম কী?
উত্তর : চুংকিং (আয়তনের দিক থেকে)।
টোকিও (জনসংখ্যার দিক থেকে)।


১৫. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় মরুভূমির নাম কী?
উত্তর : সাহারা মরুভূমি।

১৬. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় সাগরের নাম কী?
উত্তর : দক্ষিণ চীন সাগর।

১৭. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় হ্রদের নাম কী?
উত্তর : কাস্পিয়ান সাগর।

১৮. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় জলপ্রপাত কোনটি?
উত্তর : নায়াগ্রা।

১৯. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় ঘড়ির নাম কী?
উত্তর : মক্কা ক্লক।


ভ্যাটিক্যান সিটি

২০. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বড় ঘণ্টার নাম কী?
উত্তর : মস্কোর ঘণ্টা।

২১. প্রশ্ন : পৃথিবীর ক্ষুদ্রতম দেশ কোনটি?
উত্তর : ভ্যাটিক্যান সিটি (আয়তন ০.৪৪ বর্গকিলোমিটার)।

SPECIMEN

# দেশ, রাজধানী ও মুদ্রা

## এশিয়া মহাদেশ

| দেশ | রাজধানী | মুদ্রা |
|---|---|---|
| বাংলাদেশ | ঢাকা | টাকা |
| ভারত | নয়াদিল্লি | রুপি |
| নেপাল | কাঠমাডু | রুপি |
| ভুটান | থিম্পু | গুলট্রাম |
| পাকিস্তান | ইসলামাবাদ | রুপি |
| শ্রীলঙ্কা | শ্রী জয়বর্ধনেপুরা কোট্টে | রুপি |
| মালদ্বীপ | মালে | রুপিয়া |
| আফগানিস্তান | কাবুল | আফগানি |
| মিয়ানমার | নাইপিদো | কিয়াট |
| মালয়েশিয়া | কুয়ালালামপুর | রিঙ্গিত |
| ইন্দোনেশিয়া | জাকার্তা | রুপিয়া |
| সিঙ্গাপুর | সিঙ্গাপুর সিটি | সিঙ্গাপুরি ডলার |
| চীন | বেইজিং | উয়ান |
| জাপান | টোকিও | ইয়েন |
| দক্ষিণ কোরিয়া | সিউল | ওয়োন |
| ইরান | তেহরান | রিয়াল |
| ইরাক | বাগদাদ | দিনার |
| সৌদি আরব | রিয়াদ | রিয়াল |
| কুয়েত | কুয়েত সিটি | দিনার |

## ইউরোপ মহাদেশ

| দেশ | রাজধানী | মুদ্রা |
|---|---|---|
| অস্ট্রিয়া | ভিয়েনা | ইউরো |
| বেলজিয়াম | ব্রাসেলস | ইউরো |
| ডেনমার্ক | কোপেনহেগেন | ক্রোনা |
| ফিনল্যান্ড | হেলসিংকি | ইউরো |
| ফ্রান্স | প্যারিস | ইউরো |
| জার্মানি | বার্লিন | ইউরো |
| গ্রিস | এথেন্স | ইউরো |
| ইতালি | রোম | ইউরো |
| রাশিয়া | মস্কো | রুবল |
| স্পেন | মাদ্রিদ | ইউরো |
| সুইজারল্যান্ড | বার্ন | সুইস ফ্রাংক |
| যুক্তরাজ্য | লন্ডন | পাউন্ড স্টার্লিং |



SPECIMEN

## আফ্রিকা মহাদেশ

| দেশ | রাজধানী | মুদ্রা |
|---|---|---|
| আলজেরিয়া | আলজিয়ার্স | দিনার |
| মিশর | কায়রো | পাউন্ড |
| ঘানা | আক্রা | সিডি |
| কেনিয়া | নাইরোবি | শিলিং |
| লিবিয়া | ত্রিপোলি | দিনার |
| মরক্কো | রাবাত | দিরহাম |
| নাইজেরিয়া | আবুজা | নাইরা |
| সেনেগাল | ডাকার | সিএফএ ফ্রাংক |
| সিয়েরা লিওন | ফ্রিটাউন | লিওন |
| দক্ষিণ আফ্রিকা | প্রিটোরিয়া | র‍্যান্ড |
| জিম্বাবুয়ে | হারারে | জিম্বাবুয়ান ডলার |

## উত্তর আমেরিকা মহাদেশ

| দেশ | রাজধানী | মুদ্রা |
|---|---|---|
| কিউবা | হাভানা | পেসো |
| কানাডা | অটোয়া | ডলার |
| মেক্সিকো | মেক্সিকো সিটি | পেসো |
| মার্কিন যুক্তরাষ্ট্র | ওয়াশিংটন ডিসি | মার্কিন ডলার |

## দক্ষিণ আমেরিকা মহাদেশ


| দেশ | রাজধানী | মুদ্রা |
|---|---|---|
| আর্জেন্টিনা | বুয়েন্স আয়ার্স | পেসো |
| ব্রাজিল | ব্রাসিলিয়া | রিয়াল |
| চিলি | সান্টিয়াগো | পেসো |
| কলম্বিয়া | বোগোতা | পেসো |
| ভেনিজুয়েলা | কারাকাস | বলিভার ফারটে |

## ওশেনিয়া মহাদেশ

| দেশ | রাজধানী | মুদ্রা |
|---|---|---|
| অস্ট্রেলিয়া | ক্যানবেরা | অস্ট্রেলিয়ান ডলার |
| নিউজিল্যান্ড | ওয়েলিংটন | নিউজিল্যান্ড ডলার |

# পৃথিবীর প্রধান প্রধান ধর্ম

## ইসলাম ধর্ম



কাবাঘর

১. প্রশ্ন : ইসলাম ধর্ম প্রচার করেন কে?
উত্তর : হজরত মুহাম্মদ (স)।

২. প্রশ্ন : ইসলাম শব্দের অর্থ কী?
উত্তর : আত্মসমর্পণ করা।

৩. প্রশ্ন : হজরত মুহাম্মদ (স) জন্মগ্রহণ করেন কবে?
উত্তর : ৫৭০ খ্রিষ্টাব্দে, আরবি ১২ই রবিউল আউয়াল মাসে।

৪. প্রশ্ন : হজরত মুহাম্মদ (স) কোথায় ও কোন বংশে জন্মগ্রহণ করেন?
উত্তর : পবিত্র মক্কা নগরীতে বিখ্যাত কোরাইশ বংশে।

৫. প্রশ্ন : হজরত মুহাম্মদ (স)-এর পিতার নাম কী?
উত্তর : আব্দুল্লাহ।

৬. প্রশ্ন : হজরত মুহাম্মদ (স)-এর মাতার নাম কী?
উত্তর : আমিনা।

৭. প্রশ্ন : হজরত মুহাম্মদ (স) কত বছর বয়সে নবুয়ত লাভ করেন?
উত্তর : ৪০ বছর বয়সে।


৮. প্রশ্ন : হজরত মুহাম্মদ (স) কবে ইহজগৎ ত্যাগ করেন?
উত্তর : ৬৩২ খ্রিষ্টাব্দে।

৯. প্রশ্ন : পৃথিবীর প্রথম মানব কে?
উত্তর : হজরত আদম (আ)

১০. প্রশ্ন : পৃথিবীর প্রথম মানবী কে?
উত্তর : হজরত হাওয়া (আ)।

১১. প্রশ্ন : মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থের নাম কী?
উত্তর : আল-কুরআন।

১২. প্রশ্ন : কুরআন কার বাণী?
উত্তর : মহান আল্লাহ তাআলার বাণী।



ঈদ

১৩. প্রশ্ন : নামাজ কত ওয়াক্ত ফরজ ও কী কী?
উত্তর : নামাজ পাঁচ ওয়াক্ত ফরজ। এগুলো হলো— ফজর, জোহর, আসর, মাগরিব ও এশা।

১৪. প্রশ্ন : মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব কোনটি?
উত্তর : ঈদ।

## সনাতন ধর্ম

১. প্রশ্ন : হিন্দুদের ধর্মের নাম কী?
উত্তর : সনাতন ধর্ম।

২. প্রশ্ন : হিন্দুদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?
উত্তর : বেদ।

৩. প্রশ্ন : বাঙালি হিন্দুদের প্রধান ধর্মীয় উৎসব কোনটি?
উত্তর : দুর্গাপূজা।

৪. প্রশ্ন : কারা ঈশ্বরের সাকার রূপ?
উত্তর : দেব-দেবীরা।

৫. প্রশ্ন : বেদ অর্থ কী?
উত্তর : জ্ঞান।

৬. প্রশ্ন : মহাভারত কে রচনা করেন?
উত্তর : কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস।

৭. প্রশ্ন : মহাভারতে কতটি শ্লোক আছে?
উত্তর : এক লক্ষ।

৮. প্রশ্ন : রামায়ণ রচনা করেন কে?
উত্তর : মহর্ষি বাল্মীকি।

৯. প্রশ্ন : স্বর্গের রাজার নাম কী?
উত্তর : ইন্দ্র।

১০. প্রশ্ন : নরকের রাজার নাম কী?
উত্তর : যম।

১১. প্রশ্ন : হিন্দুদের প্রধান প্রধান চারটি পূজার নাম লেখো।
উত্তর : দুর্গাপূজা, কালীপূজা, লক্ষ্মীপূজা ও সরস্বতীপূজা।

১২. প্রশ্ন : হিন্দুদের উপাসনালয়ের নাম কী?
উত্তর : মন্দির।

১৩. প্রশ্ন : গয়া-কাশী কোন ধর্মাবলম্বীদের পবিত্র স্থান?
উত্তর : সনাতন ধর্মাবলম্বীদের।


মহর্ষি বাল্মীকি


দুর্গাপূজা


মন্দির

## খ্রিস্টধর্ম

১. প্রশ্ন : খ্রিস্টানদের ধর্মের নাম কী?
উত্তর : খ্রিস্টধর্ম।

২. প্রশ্ন : খ্রিস্টধর্মের প্রবর্তক কে?
উত্তর : যিশু খ্রিস্ট।

৩. প্রশ্ন : খ্রিস্টানদের পবিত্র ধর্মগ্রন্থের নাম কী?
উত্তর : বাইবেল।

৪. প্রশ্ন : খ্রিস্টানদের উপাসনালয়ের নাম কী?
উত্তর : গির্জা।

৫. প্রশ্ন : খ্রিস্টানদের প্রধান ধর্মীয় উৎসবের নাম কী?
উত্তর : বড়দিন।


বড়দিন

৬. প্রশ্ন : যিশু খ্রিস্ট কত বছর বয়সে ধর্ম প্রচার শুরু করেন?
উত্তর : ২৫ বছর।

৭. প্রশ্ন : যিশু খ্রিস্টের জন্মদিন পালন করা হয় কবে?
উত্তর : ২৫ ডিসেম্বর।

## বৌদ্ধধর্ম

১. প্রশ্ন : বৌদ্ধধর্মের প্রবর্তক কে?
উত্তর : গৌতম বুদ্ধ।

২. প্রশ্ন : বৌদ্ধদের প্রধান ধর্ম গ্রন্থের নাম কী?
উত্তর : ত্রিপিটক।

৩. প্রশ্ন : বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব কোনটি?
উত্তর : বুদ্ধপূর্ণিমা।

৪. প্রশ্ন : পৃথিবীর সব বৌদ্ধ ধর্মাবলম্বীরা কার অনুসারী?
উত্তর : গৌতম বুদ্ধের।


গৌতম বুদ্ধ

৫. প্রশ্ন : বৌদ্ধদের উপাসনালয়ের নাম কী?
উত্তর : প্যাগোডা।

৬. প্রশ্ন : গৌতম বুদ্ধের জন্মস্থান কোথায়?
উত্তর : নেপালের লুম্বিনীতে।

# খেলাধুলা

## অলিম্পিক গেমস



ব্যারন পিয়ের দ্য কুবেরতাঁ্যা

১. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে প্রাচীন খেলার আয়োজনের নাম কী?
উত্তর : অলিম্পিক গেমস।

২. প্রশ্ন : আধুনিক অলিম্পিকের প্রবর্তক কে?
উত্তর : ব্যারন পিয়ের দ্য কুবেরতাঁ্যা।

৩. প্রশ্ন : ব্যারন পিয়ের দ্য কুবেরতাঁ্যা কোন দেশের নাগরিক?
উত্তর : ফ্রান্সের।


৪. প্রশ্ন : প্রথম অলিম্পিক গেমস কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর : এথেন্সে।

৫. প্রশ্ন : অলিম্পিক গেমস কত বছর পরপর অনুষ্ঠিত হয়?
উত্তর : ৪ বছর পরপর।

৬. প্রশ্ন : অলিম্পিক গেমস ২০২০ কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর : টোকিও (জাপান)।


৭. প্রশ্ন : অলিম্পিক গেমস ২০১৬ কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
উত্তর : রিও ডি জেনিরো (ব্রাজিল)।

৮. প্রশ্ন : ২০২০ সালের অলিম্পিক গেমসে কোন দেশ বেশি স্বর্ণ জিতেছে?
উত্তর : যুক্তরাষ্ট্র (৩৯টি)।



SPECIMEN

## ফুটবল



১. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে জনপ্রিয় খেলার নাম কী?
উত্তর : ফুটবল।
২. প্রশ্ন : আন্তর্জাতিক ফুটবল সংস্থার নাম কী?
উত্তর : ফিফা।
৩. প্রশ্ন : ফিফা বিশ্বকাপ ট্রফিটি কত ক্যারেট সোনা দিয়ে তৈরি?
উত্তর : ১৮ ক্যারেট।
৪. প্রশ্ন : ফুটবল খেলায় প্রতিদলে কতজন করে খেলোয়াড় থাকে?
উত্তর : ১১ জন।
৫. প্রশ্ন : প্রথম বিশ্বকাপ ফুটবল কবে এবং কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর : ১৯৩০ সালে, উরুগুয়েতে।
৬. প্রশ্ন : গত শতাব্দীর সেরা দুজন ফুটবল খেলোয়াড়ের নাম কী?
উত্তর : পেলে ও ম্যারাডোনা।
৭. প্রশ্ন : ২০১৮ সালে বিশ্বকাপ ফুটবল বিজয়ী দেশ কোনটি?
উত্তর : ফ্রান্স।

## ক্রিকেট



১. প্রশ্ন : ক্রিকেট খেলার জন্মস্থান কোথায়?
উত্তর : ইংল্যান্ড।
২. প্রশ্ন : আন্তর্জাতিক ক্রিকেট সংস্থার নাম কী?
উত্তর : আইসিসি।
৩. প্রশ্ন : প্রথম বিশ্বকাপ ক্রিকেট কবে এবং কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর : ১৯৭৫ সালে, ইংল্যান্ডে।
৪. প্রশ্ন : প্রথম বিশ্বকাপ ক্রিকেট বিজয়ী দেশ কোনটি?
উত্তর : ওয়েস্ট ইন্ডিজ।
৫. প্রশ্ন : কোন দেশ সর্বাধিকবার বিশ্বকাপ ক্রিকেট জয় করেছে?
উত্তর : অস্ট্রেলিয়া।
৬. প্রশ্ন : অলরাউন্ডারের তালিকায় বর্তমানে বিশ্বসেরা ক্রিকেটার কে?
উত্তর : সাকিব আল হাসান।
৭. প্রশ্ন : ২০১৯ সালে আইসিসি বিশ্বকাপ ক্রিকেট বিজয়ী দেশ কোনটি?
উত্তর : ইংল্যান্ড।

# নমুনা প্রশ্ন

## বিষয়: সাধারণ জ্ঞান

### শ্রেণি: দ্বিতীয়

সময়: ১ ঘণ্টা পূর্ণমান: ২০

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

১. বাংলাদেশের জাতীয় বনের নাম কী?
২. সশস্ত্র বাহিনী দিবস কবে?
৩. পাঁচজন ভাষা শহিদের নাম লেখো।
৪. বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধাদের নাম কী?
৫. বাংলাদেশের সবচেয়ে পশ্চিমের জেলা কোনটি?
৬. প্রধানমন্ত্রীর সচিবালয়ের প্রধানকে কী বলা হয়?
৭. শাখা-প্রশাখাসহ বাংলাদেশের নদ-নদীর সংখ্যা কত?
৮. মুরংরা কোন জেলায় বাস করে?
৯. চাকমাদের বর্ষবরণ অনুষ্ঠানকে কী বলা হয়?
১০. কোন গাছের পাতা নেই?
১১. পৃথিবীর সবচেয়ে দ্রুতগামী পশু কোনটি?
১২. মানবদেহের বৃহত্তম অঙ্গ কোনটি?
১৩. ব্যারোমিটার কী?
১৪. পৃথিবী থেকে সবচেয়ে দূরবর্তী গ্রহ কোনটি?
১৫. সূর্যোদয়ের দেশ বলা হয় কোন দেশকে?
১৬. পৃথিবীর উচ্চতম রাজধানীর নাম কী?
১৭. কিউবার রাজধানী কোনটি?
১৮. প্রাচীনকালের একটি সপ্তাশ্চর্যের নাম লেখো।
১৯. নামাজ কত ওয়াক্ত ফরজ?
২০. আধুনিক অলিম্পিকের প্রবর্তক কে?



সমাপ্ত

Visit: sohagschool.com